# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জলবায়ু ও দুর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প
এলজিইডি, আরডিইসি ভবন, লেভেল-৬
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

**"শেখ হাসিনার মূলনীতি, গ্রাম শহরের উন্নতি"**

স্মারক নং- ৪৬.০২.০০০০.৬৯০.১৮.০০১.২৩.৭৭ তারিখ: ২৮/১১/২০২৩ খ্রি.।

প্রতি

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ কিশোরগঞ্জ/গোপালগঞ্জ/নেত্রকোনা/কুমিল্লা/চট্টগ্রাম/লক্ষীপুর/চাঁদপুর/নোয়াখালী/কক্সবাজার/যশোর/নড়াইল/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/মেহেরপুর/চুয়াডাংগা/সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ/বরগুনা/বরিশাল/পটুয়াখালী/পিরোজপুর/ঝালকাঠী/ভোলা/দিনাজপুর/গাইবান্ধা/রংপুর/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়/কুড়িগ্রাম/লালমনিরহাট/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/বগুড়া/রাজশাহী/পাবনা/নাটোর/জয়পুরহাট।

**বিষয়: জলবায়ু ও দুর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প এর আওতায় নতুন উপ-প্রকল্প বাস্তবায়নের পূর্বে ১২ শর্ত পূরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জলবায়ু ও দুর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা (CDRSSWRMP) প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পটিতে ১৫০টি নতুন উপ-প্রকল্প বাস্তবায়ন করা হবে। যার মধ্যে ইতোমধ্যে ২৭টি উপ-প্রকল্পের ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন সমাপ্ত হয়েছে।

এমতাবস্থায়, CDRSSWRMP প্রকল্পের আওতায় যে সকল নতুন উপ-প্রকল্প বাস্তবায়ন করা হবে সেগুলোর ক্ষেত্রে নিম্নোক্ত ১২টি শর্ত পূরণ করতে হবে যা নিম্নরূপ:-

১) উপ-প্রকল্প এলাকায় পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন ও পাবসস এর উপ-আইন প্রণয়ণের জন্য পরিপত্র নং ৭০৫(১), তারিখ: ০১-০৩-০৪ ইং এর আলোকে একটি সাংগঠনিক কমিটি গঠন করতে হবে।

২) সাংগঠনিক কমিটির মেয়াদ (তিন মাস) পূর্তির আগেই সাধারণ সদস্যদের একটি বিশেষ সাধারণ সভায় পাবসস এর উপ-আইন অনুমোদন এবং প্রথম ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করতে হবে। কমিটির সদস্যা/সদস্যগণকে ২১ বছর বয়সের উর্দ্ধে, লেখাপড়া জানা ও প্রশিক্ষণ গ্রহণের যোগ্যতা সম্পন্ন হতে হবে।

৩) প্রান্তিক চাষী, বর্গা চাষী, শ্রমজীবি ইত্যাদিসহ কমপক্ষে ৭০% উপকারভোগী জনগণ পাবসস এর সদস্যভূক্ত হতে হবে। মোট সদস্যের ৪০% নারী সদস্য হতে হবে।

৪) সদস্যদের কাছ থেকে নিয়মিতভাবে মাথাপিছু সঞ্চয় আমানত আদায় এবং যতবেশী সম্ভব শেয়ার বিক্রয় করত: পাবসস এর নিজস্ব মূলধন একটি যুক্তিযুক্ত পরিমানে উপনীত হতে হবে।

৫) অন্তত: তিন মাস ধরে পাবসস নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির মাসিক সভা ও সাধারণ সদস্যদের পাড়া/ এলাকাভিত্তিক সাপ্তাহিক সভা অনুষ্ঠান করতে হবে।

৬) সদস্যদের সহজগম্য ও নিরপেক্ষ স্থানে সাইনবোর্ড সহকারে পাবসস এর নিজস্ব অফিস প্রতিস্থিত হতে হবে। ইউনিয়ন পরিষদ, স্কুল ইত্যাদি বা কারো বাড়ীতে বা বৈঠকখানা ঘরে অফিস হতে পারবে না ও অফিস ঘরের জন্য জমির ব্যবস্থা করতে হবে।

৭) পাবসস এর নিজস্ব কর্মচারী (হিসাবরক্ষক) নিয়োজিত হতে হবে (তাকে ন্যুনতম এসএসসি পাশ হতে হবে)।

৮) পাবসস এর খাতাপত্র ও অন্যান্য রেকর্ডপত্র সমবায় আইনের বিধি-বিধানমতে যথাযথভাবে সংরক্ষিত হতে হবে।

৯) নির্বাচিত প্রথম ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যথাসময়ে ও যথানিয়মে পাবসসকে আইনগতভাবে সমবায় অধিদপ্তরে নিবন্ধন করতে হবে।

১০) উপ-প্রকল্পের নির্মিত অবকাঠামো সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বাবদ উপকরেভোগীগণ কর্তৃক প্রদেয় সমুদয় অর্থ (মাটির কাজের ৩% এবং পাকা কাজের ১.৫%) আদায় করে তা এলজিইডি'র নির্বাহী প্রকৌশলী ও পাবসস এর সভাপতি/সাধারণ সম্পাদক এর একটি যৌথ ব্যাংক হিসাবে জমা রাখতে হবে।

১১) প্রস্তাবিত উপ-প্রকল্পের পরিকল্পনা ও অবকাঠামো সমূহের নকশা পাবসস কর্তৃক অনুমোদিত হতে হবে এবং প্রস্তাবিত উপ-প্রকল্প বাস্তবায়নের ফলে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠি (যদি থাকে) এর জন্য প্রণীত ক্ষতিপূরণ পরিকল্পনা পাবসস কর্তৃক অনুমোদিত হতে হবে।

১২) জেলা আন্ত: সংস্থা প্রকল্প মূল্যায়ন কমিটি (DLIAPEC) এবং পানি বিধিমালা ২০১৮ এর ১৪ ধারা অনুসারে জেলা সমন্বিত পানি সম্পদ কমিটিতে বিষয়টি আলোচিত হতে হবে।

উল্লেখ্য সংযুক্ত তালিকাভূক্ত উপ-প্রকল্পগুলোর ড্রইং, ডিজাইন, প্রাক্কলন ইত্যাদি ১০০% সম্পন্ন হয়েছে। উক্ত শর্ত প্রতিপালিত/অর্জিত না হওয়ায় এই ২৭টি উপ-প্রকল্পের পূর্ত কাজের অনুমোদন দেয়া সম্ভব হচ্ছে না। আগামী ৩১শে মার্চ ২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংযুক্ত তালিকাভূক্ত উপ-প্রকল্পের পাবসসকে উক্ত ১২ শর্ত অর্জনে সার্বিক সহযোগিতা করতে বিশেষভাবে নির্দেশ দেয়া হলো।

এ বিষয়ে কোন জিজ্ঞাস্য থাকলে জনাব মোঃ আব্দুর রহমান (মোবাইল নম্বরঃ ০১৭১২-৯১৮৭৩৯) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তঃ ড্রইং, ডিজাইন সম্পন্নকৃত উপ-প্রকল্পের তালিকা - ২৭টি।

28/11/2023

(শেখ মোহাঃ নুরুল ইসলাম)
প্রকল্প পরিচালক
জলবায়ু ও দূর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প
ও
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি)
আইডব্লিউআরএম ইউনিট
ফোন: ০২-৪৪৮২৬৩৮৯
ই-মেইল: pd.cdrsswrmp@lged.gov.bd

**অনুলিপি:**

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইডব্লিউআরএম), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), .......................... বিভাগ, এলজিইডি, ..............................।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ............................ অঞ্চল, এলজিইডি, ...............................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, উপজেলা: ..........................., জেলা: ...........................।

## Handing over the Design Documents of 27 Nos. New Subproject Under CDRSSWRMP

| Sl. No | Name of SP | Uz./Dist | SP Type | Components Designed | | | | | | | Total Estimated Cost (Tk.) | Name of Design Engineer | CD |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Khal (Km) | Embankt (Km) | Lined Canal (Km) | Protect. Works (Km) | WRS/REG/RD (No) | Box Culvert (No) | WMCA (No) | | | |
| 1 | Bhorotkathi SP | Nalchity, Jhalokathi | FMD | 7.835 | 11.019 | - | - | 6 Nos Regulator | 2 | 1 | 80,929,096.29 | Engr. M.C.Rudra | |
| 2 | Rajpasha SP | Nalchity, Jhalokathi | DR.& TI | 17.547 | - | - | - | - | 6 | 1 | 25,855,736.16 | Engr. M.C.Rudra | B |
| 3 | Angaria SP | Rajapur, Jhalokathi | FMD | 21.997 | 6.84 | - | - | 5 Nos Regulator | 3 | 1 | 90,821,843.39 | Engr. M.C.Rudra | B |
| 4 | Dharmadi SP | Sadar , Barishal | Dr & TI | 16.325 | - | - | - | - | 4 | 1 | 24,648,716.70 | Engr. M.C.Rudra | B |
| 5 | Sholna SP | Sadar , Barishal | Dr & TI | 18.445 | - | - | - | - | 6 | 1 | 24,732,320.35 | Engr. M.C.Rudra | B |
| 6 | Dhaonkhali SP | Sadar , Cox's Bazar | WC & IR | 14.124 | - | - | - | 1no. Rubber Dam, 1No. Regulator | - | 1 | 248,129,239.45 | Engr. M.C.Rudra | B |
| 7 | Akandapara SP | Debiganj, Panchagarh | DR & WC | 8.30 | - | - | - | 2 Nos WRS | - | 1 | 60,802,750.20 | Engr. Monirul Islam | D |
| 8 | Gedipara Setnai Khsl SP | Boda, Panchagarh | DR & WC | 5.50 | - | - | - | 1 No WRS | - | 1 | 16,815,318.32 | Engr. Monirul Islam | D |
| 9 | Austomatrai -Chhoto Jamuna SP | Patnitala, Naogaon | DR & WC | 3.412 | - | - | - | - | 3 | 1 | 11,153,936.14 | Engr. Monirul Islam | D |
| 10 | Jalalpur-Gopalpur SP | Badalgachi, Naogaon | DR & TI | 4.70 | - | - | - | 1 No WRS | - | 1 | 20,668,204.37 | Engr. Monirul Islam | D |
| 11 | Soronja Bolorampur SP | Kaharole, Dinajpur | WC & DR | 9.55 | | | | 1 No WRS | 1 | | 56,208,404.00 | Engr. Monirul Islam | D |
| 12 | Bosonburi Khal SP | Adamdighi, Bogra | DR & WC | 8.00 | - | - | - | 2 Nos WRS | - | 1 | 23,920,771.00 | Engr. Abdullah Al Masud | F |
| 13 | Kazipur SP ( New) | Dhamoirhat, Naogaon | DR & WC | 7.82 | - | - | - | 2 Nos WRS | - | 1 | 27,391,176.00 | Engr. Abdullah Al Masud | F |
| 14 | Dhuroil Boro Beel SP | Mohanpur, Rajshahi | DR & WC | 11.50 | - | - | - | - | 2 | 1 | 27,305,403.50 | Engr. Abdullah Al Masud | F |
| 15 | Chhatnai Roktodoho SP | Adamdighi, Bogra | FMD & WC | 3.502 | 3.165 | - | - | 3 Nos Regulator | - | 1 | 31,944,708.36 | Engr. Abdullah Al Masud | F |
| 16 | Betagi SP (New) | Dashmina, Patuakhali | DR & TI | 5.897 | | | - | - | 1 | 1 | 15,771,180.80 | Engr. Rajedul Islam | H |
| 17 | Noigang Chhara SP | Sadar, Sunamganj | DR.& WC | 3.70 | 1.15 | - | - | 1 No WRS | 1 | 1 | 29,250,614.13 | Engr. Rajedul Islam | H |
| 18 | Dundusia Katasisha SP | Teokhada, Khulna | FMD | 13.48 | - | - | - | - | - | 1 | 15,214,303.18 | Engr. Rajedul Islam | H |
| 19 | Nazirpur SP | Muladi, Barishal | DR.& TI | 20.979 | - | - | - | - | - | 1 | 34,353,615.73 | Engr. Rajedul Islam | H |
| 20 | Osmanganj SP | Charfassion , Bhola | DR.& TI | 11.848 | - | - | - | - | - | 1 | 16,688,014.55 | Engr. Rajedul Islam | H |
| 21 | Nolbunia SP | Taltoli, Barguna | DR | 19.35 | - | - | - | - | 1 | 1 | 34,103,916.13 | Engr. Rajedul Islam | H |
| 22 | Chitholia SP | Nazirpur, Pirojpur | DR& TI | 12.32 | - | - | - | - | - | 1 | 14,709,595.62 | Engr. Rajedul Islam | H |
| 23 | Amtola Sp | Nazirpur, Pirojpur | DR & TI | 19.29 | - | - | - | - | - | 1 | 19,977,194.14 | Engr. Rajedul Islam | H |
| 24 | Paler Danga SP | Sadar, Patuakhali | DR.& TI | 14.33 | - | - | - | 1 No Regulator | 4 | 1 | 39,693,179.81 | Engr. Rajedul Islam | H |
| 25 | Ramnagar Janata SP | Bakeganj, Barishal | DR & TI | 12.65 | - | - | - | - | - | 1 | 17,153,850.78 | Engr. Rajedul Islam | H |
| 26 | Parer Bazar SP | Bauphal, Patuakhali | DR & WC | 7.335 | - | - | - | 2 Nos Regulator | - | 1 | 47,603,543.82 | Engr. Rajedul Islam | H |
| 27 | Bahadurpur SP | Muladi, Barishal | FMD & IR | 14.15 | - | - | - | 1 No Regulator | 1 | 1 | 54,940,869.40 | Engr. Rajedul Islam | H |
| | | | | | | | | | | Total | 1,110,787,502.32 | | |

25-11-23

(Md. Shamsul Arefeen khan)
Senior Assistant Engineer
CDRSSWRMP
RDEC Bhabab, Level-06
LGED HQ. Agargaon, Dhaka

M. C. Rudra

28/11/2023

(Mohammad Zakir Hossain)
Deputy Project Director
CDRSSWRMP
RDEC Bhaban, Level-06
LGED HQ., Agargaon, Dhaka.

28/11/23

(Sheikh Mohd. Nurul Islam)
Superentending Engineer (P&D)
IWRM Unit
& Project Director
CDRSSWRMP
RDEC Bhaban, Level-06
LGED HQ., Agargaon, Dhaka